



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার


ভূমি সংস্কার বোর্ড

শাখা-১ (প্রশাসন)

ভূমি ভবন, ৯৮, শহিদ তাজউদ্দীন আহমদ সরণি

তেজগাঁও, ঢাকা-১২০৮।

www.lrb.gov.bd



স্মারক নং-৩১.০২.০০০০.০১১.০৬.০০১.২১.৩৮৩

তারিখ:

০৫ আষাঢ় ১৪২৯

১৯ জুন ২০২২

নিয়োগ বিজ্ঞপ্তি

ভূমি সংস্কার বোর্ডের নিয়োগবিধি ও সরকারের প্রচলিত সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুসরণপূর্বক ভূমি সংস্কার বোর্ড ও বোর্ডের আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়সমূহের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে <http://lrb.teletalk.com.bd> ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

ক্র: নং	পদের নাম ও বেতন স্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যারা আবেদন করতে পারবেন
(১)	সাঁটমুদ্রাঙ্করিক কাম- কম্পিউটার অপারেটর টাকা- ১০২০০-২৪৬৮০/- জাতীয় বেতন স্কেল - ২০১৫, (গ্রেড-১৪)	০২ (দুই)টি (ভূমি সংস্কার বোর্ড প্রধান কার্যালয়)	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যান্য দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং (গ) ব্যবহারিক পরীক্ষায় সাঁট-লিপিতে প্রতিমিনিটে গতি বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজি- ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিংয়ে প্রতিমিনিটে গতি বাংলায় ২৫ এবং ইংরেজি-৩০ শব্দ হতে হবে; (ঘ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	রংপুর/রাজশাহী/বরিশাল বিভাগের প্রার্থীগণ এবং এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ;
(২)	অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাঙ্করিক টাকা- ৯৩০০-২২৪৯০/- জাতীয় বেতন স্কেল - ২০১৫, (গ্রেড-১৬)	০১ (এক)টি (উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়, রংপুর বিভাগ)	(ক) স্বীকৃত বোর্ড হইতে অন্যান্য দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ তে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং (গ) প্রতিমিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ টাইপ করার গতি থাকতে হবে; (ঘ) বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ (চল্লিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।	বাংলাদেশের সকল জেলার প্রার্থীগণ;
(৩)	রেকর্ড কিপার টাকা- ৯৩০০-২২৪৯০/- জাতীয় বেতন স্কেল - ২০১৫, (গ্রেড-১৬)	০১ (এক)টি (ভূমি সংস্কার বোর্ড প্রধান কার্যালয়)	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) এম. এস. ওয়ার্ড ও এক্সেলসহ কম্পিউটার পরিচালনায় পারদর্শিতা;	ঢাকা/ময়মনসিংহ/চট্টগ্রাম/খুলনা বিভাগের প্রার্থীগণ এবং এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ;
(৪)	গাড়িচালক টাকা- ৯৩০০-২২৪৯০/- জাতীয় বেতন স্কেল - ২০১৫, (গ্রেড-১৬)	০৩ (তিন)টি (উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়- রংপুর, খুলনা ও ময়মনসিংহ বিভাগের জন্য)	(ক) স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) ড্রাইভিং লাইসেন্সধারী (গ) অভিজ্ঞতা সম্পন্ন গাড়িচালকগণ অগ্রাধিকার পাবেন।	সিলেট, ময়মনসিংহ ও চট্টগ্রাম বিভাগের প্রার্থীগণ এবং এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ;
(৪)	অফিস সহায়ক টাকা-৮২৫০-২০০১০/- জাতীয় বেতন স্কেল- ২০১৫, গ্রেড-২০	০২ (দুই) টি (ভূমি সংস্কার বোর্ড প্রধান কার্যালয়-১ টি, উপ-ভূমি সংস্কার কমিশনার কার্যালয়-১ টি)	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এস সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ	রাজশাহী, বরিশাল ও সিলেট বিভাগের প্রার্থীগণ এবং এতিম/শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ;

শর্তাবলি:

- ১। নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধিবিধান/কোটা পদ্ধতি অনুসরণ করা হবে।
- ২। সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ২৩ জুন, ২০২২ খ্রি. তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর হতে হবে। তবে শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার সন্তানদের (মুক্তিযোদ্ধার নাতি-নাতনি) বয়সের উর্ধ্বসীমা ৩০ (ত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৩। সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের অনলাইনে দরখাস্ত দাখিলের সময় স্ব স্ব কর্তৃপক্ষের নিকট থেকে চাকরিতে আবেদন করার জন্য ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূল ছাড়পত্র প্রদর্শন করতে হবে।
- ৪। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। স্থায়ী বাসিন্দার প্রমাণ হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান বা সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলরের সনদপত্র এবং মুক্তিযোদ্ধা বা অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে। পূরণকৃত আবেদনের প্রিন্ট কপিসহ সত্যায়িত একসেট সনদপত্রাদি দাখিল করতে হবে।
- ৫। আবেদনকারী নিয়োগ লাভের পর বাংলাদেশের যে কোন স্থানে চাকরি করতে বাধ্য থাকবেন।
- ৬। কোনো অসত্য তথ্য বা ভুল সনদ ব্যবহার করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ৭। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৮। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ <http://lrb.teletalk.com.bd> ওয়েবসাইটে প্রবেশ করে আবেদন ফরম পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমা দান শুরুর তারিখ ও সময় : ২৩ জুন, ২০২২ খ্রি.

সকাল ১০.০০ ঘটিকা।

ii. online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২১ জুলাই, ২০২২ বিকাল ০৫.০০ ঘটিকা।

উক্ত সময়সীমার মধ্যে user ID প্রাপ্ত প্রার্থীগণ online-এ আবেদনপত্র submit- এর সময় থেকে পরবর্তী ৭২

(বাহাত্তর) ঘণ্টার মধ্যে SMS এর মাধ্যমে আবেদন ফি জমা দিতে পারবেন।

খ. online —এ আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০x প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন।

গ. online —এ আবেদনপত্রের পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online-এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও আবেদন ফি প্রদান: online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতো ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন প্রার্থী একটি user ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি user ID নম্বর দেয়া থাকবে এবং user ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-১-৪ নং পদের জন্য ১০০/- (একশত) টাকা ও teletalk এর সার্ভিস চার্জ ১২.০০ টাকা সহ মোট ১১২/- (একশত বারো) টাকা ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন এবং ক্রমিক ৫ নং পদের জন্য ৫০ টাকা ও teletalk এর সার্ভিস চার্জ ৬.০০ টাকা সহ মোট ৫৬/- (ছাণ্ডান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে জমা দিবেন।

এখানে বিশেষভাবে উল্লেখ্য, online —এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

প্রথম SMS: LRB <space> user ID লিখে send করতে হবে 16222 নম্বর।

Example: LRB ABCDEF

Reply: Applicant's Name, TK- 112/- or 56/- will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type LRB <space> Yes <space> PIN and send to 16222.

দ্বিতীয় SMS: LRB <space> Yes <space> PIN লিখে send করতে হবে 16222 নম্বর।

Exar le: LRB Yes 12345678

Reply: congratulations Applicat's Name, payment completed successfully for LRB application for <post name> user ID is (ABCDEF) and password (LRB)

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://lrb.teletalk.com.bd> ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে sms এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি <http://lrb.teletalk.com.bd> অথবা www.lrb.gov.bd এর ওয়েব সাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। online-এ আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয় হবে।

জ. SMS এ প্রেরিত user ID এবং password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষা কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী download পূর্বক print (সম্ভব হলে রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশ পত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক/মৌখিক পরীক্ষার সময়ে প্রদর্শন করবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ user ID, serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. user ID জানা থাকলে LRB <space>HELP<space>USER<space> User ID and send to 16222

Example: LRB HELP USER 12345678

ii. PIN number জানা থাকলে LRB <space> Help<space> PIN<space> PIN No and send to 16222


Example: LRB HELP PIN 12345678

ঞ. online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল ফোন থেকে ১২১ এ কল করুন অথবা টেলিটক কাস্টমার কেয়ারে যোগাযোগ করুন। এছাড়াও vas.query@teletalk.com.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে।

(০৯) বিজ্ঞপ্তিতে প্রকাশিত শূন্যপদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি হতে পারে।

১০) অনিবার্য কারণে নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার সম্পূর্ণ ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১) এই বিজ্ঞপ্তিটি সরাসরি ভূমি সংস্কার বোর্ডের নিজস্ব ওয়েব সাইটে (www.lrb.gov.bd) এবং বোর্ডের কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।


(মো: রেজাউল কবীর)

উপ-ভূমি সংস্কার কমিশনার-১ (প্রশাসন)

ও

সভাপতি, বিভাগীয় নির্বাচন কমিটি

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা

ফোন- ০২-৮১৭০১৫০

ই-মেইল-dlrc1@lrb.gov.bd